ফ্যামিলি কার্ড বিতরণে দরিদ্রদের বঞ্চিত করেছে আমলারা: ডেপুটি স্পিকার



ডেপুটি স্পিকার কায়সার কামাল। ছবি: সংগৃহীত

ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত ‘চাষাভূষার সন্তান’ গ্রন্থের প্রাসঙ্গিকতা ও করণীয় বিষয়ক এক সেমিনারে ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল অভিযোগ করেন, ফ্যামিলি কার্ড বিতরণে প্রকৃত দরিদ্র মানুষকে বঞ্চিত করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের স্বপ্নের এই প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কিছু আমলার ভূমিকার কারণে অনিয়ম ও অবিচার হয়েছে।

রোববার (১৭ মে) সকালে অনুষ্ঠিত ওই সেমিনারে তিনি আরও বলেন, স্বাধীনতার পর থেকে হাওড় অঞ্চলকে ঘিরে কার্যকর ও বিজ্ঞানভিত্তিক কোনো দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হয়নি। মাছ চাষ ও উন্নয়নের নামে ইজারা ব্যবস্থার মাধ্যমে হাওড় এলাকার পরিবেশ ও জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

কায়সার কামালের দাবি, হাওড় অঞ্চলের ক্ষয়ক্ষতির সরকারি তালিকায় প্রকৃত ক্ষতির তুলনায় কয়েক গুণ বেশি তথ্য দেখানো হয়েছে এবং সেখানে ভুয়া নামও যুক্ত করা হয়েছে। এসব অনিয়ম খতিয়ে দেখতে ও হাওড়ের প্রকৃত সমস্যা নির্ধারণে বিশেষ টাস্কফোর্স গঠনের আহ্বান জানান তিনি।

সেমিনারে উপস্থিত বক্তারা হাওড়াঞ্চলের কৃষক ও সাধারণ মানুষের দুর্ভোগ, অবহেলা এবং নানা সংকট নিয়ে বিস্তারিত আলোচনা করেন।